



মোঃ আজিজ তাহের খান
মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর

মোঃ আজিজ তাহের খান ১৩ ফেব্রুয়ারী ২০২৪ তারিখে মহাপরিচালক (অতিরিক্ত সচিব) হিসাবে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে যোগদান করেন। এ বিভাগে যোগদানের পূর্বে তিনি সদস্য-অর্থ (অতিরিক্ত সচিব) হিসাবে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক) এ দায়িত্ব পালন করেছেন।

তিনি ১৫ নভেম্বর ১৯৯৫ তারিখে ১৫শ ব্যাচের বিসিএস (ইকনমিক) ক্যাডারের একজন কর্মকর্তা হিসাবে চাকরিতে যোগদান করেন। যোগদানের তারিখ থেকেই তিনি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে গবেষণা কর্মকর্তা হিসাবে কাজ শুরু করেন। তিনি ২০০৩ সালের আগস্ট মাস হতে ২০০৬ সালের নভেম্বর মাস পর্যন্ত প্রায় ৩ বছর বাস্তবায়ন পরিবীক্ষণ মূল্যায়ন বিভাগ (আইএমইডি) উপ-পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। আইএমইডি'তে দায়িত্ব পালনকালে তিনি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের উন্নয়ন প্রণয়ন, প্রক্রিয়াকরণ ও মূল্যায়নের সাথে সম্পৃক্ত ছিলেন। অতঃপর তিনি বাস্তবায়ন পরিবীক্ষণ মূল্যায়ন বিভাগের আওতাধীন সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট(সিপিটিইউ)'তে উপ-পরিচালক ও পরিচালক হিসেবে দীর্ঘ ১৬ বছর দায়িত্ব পালন করেছেন।

তিনি সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট(সিপিটিইউ) উপ-পরিচালক ও পরিচালকের দায়িত্ব পালনকালে পাবলিক প্রকিউরমেন্ট আইন, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, স্ট্যান্ডার্ড টেন্ডার ডকুমেন্ট প্রণয়নে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন। তিনি সরকারি ক্রয় বিষয়ে একজন সার্টিফাইড ট্রেইনার অন পাবলিন প্রকিউরমেন্ট।

তিনি দেশে-বিদেশে অনেক প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন মেয়াদে প্রকল্প প্রনয়ন, প্রক্রিয়াকরণ ও সরকারী ক্রয় প্রক্রিয়াকরণ ও চুক্তি বাস্তবায়ন বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেছেন। তন্মধ্যে ইটালির Tor Vargata University, Rome এবং ITC-ILO অন্যতম।

মোঃ আজিজ তাহের খান ১৯৬৭ সালের ২ জুলাই পঞ্চগড় জেলার দেবিগঞ্জ উপজেলার নগর চেংটি গ্রামে এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা মরহুম মোঃ আব্দুল হামিদ ও মাতা বেগম খোদেজা খাতুন। তিনি তাঁর নিজ উপজেলার বাগদহ দ্বিমুখী উচ্চ বিদ্যালয় হতে এসএসসি এবং দিনাজপুর সরকারী কলেজ হতে এইচএসসি পাশ করেন। তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বিষয় নিয়ে বিএসসি (সম্মান) ও এমএসসি ডিগ্রি অর্জন করেন। তিনি ঢাকা টিচার্স ট্রেনিং কলেজ থেকে বিএড ডিগ্রী অর্জন করেন। পরবর্তীতে তিনি University of Turin, Italy থেকে “Public Procurement Management on Sustainable Development” বিষয়ে মাস্টার্স এবং Bangladesh Open University (BOU) এমবিএ ডিগ্রি অর্জন করেন। বর্তমানে তিনি Bangladesh University of Professional (BUP) থেকে “Public Procurement and Contract Management Process in Bangladesh: An Analysis of the Effectiveness of Government Functionaries” বিষয়ে পিএইচডি গবেষণা পত্র প্রণয়ন প্রক্রিয়াধীন রয়েছে।

মোঃ আজিজ তাহের খান এর সহধর্মিনী জনাব শাম্মী সুলতানা যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ধীন যুব উন্নয়ন অধিদপ্তরে প্রশিক্ষক (কম্পিউটার) হিসেবে কর্মরত রয়েছেন। তাদের তিন পুত্র সাফল্য, কৃতিত্ব ও প্রাচুর্য স্কুল ও কলেজে অধ্যয়নরত।